

২০২২

বাংলা - সাম্মানিক

দ্বিতীয় সেমেস্টার

পত্র : CC-3

[বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা গীতিকবিতার ধারায় কবি বিহারীলাল চক্রবর্তীর অবদান আলোচনা করো। ১০
অথবা,
(খ) দীনবন্ধু মিত্র রচিত নাটকগুলি সম্পর্কে আলোচনা করে তাঁকে “বাংলা সাহিত্যে বাস্তবতার অগ্রদূত” বলা চলে কি না বিচার করো। ১০
- ২। (ক) বাংলা ঐতিহাসিক উপন্যাস রচনার ক্ষেত্রে রমেশচন্দ্র দত্তের কৃতিত্ব বিচার করো। ১০
অথবা,
(খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার গুরুত্ব আলোচনা করো। ১০
- ৩। (ক) বাংলা গদ্যের চর্চা, বিকাশ ও বিবর্তনে শ্রীরামপুর মিশনের ভূমিকা আলোচনা করো। ১০
অথবা,
(খ) “বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন” — এই উক্তি আলোকে বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্থান নির্দেশ করো। ১০
- ৪। (ক) কবি গিরীন্দ্রমোহিনী দাসীর কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) বাংলা নাটকের সূচনাপর্বে মাইকেল মধুসূদন দত্তের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) প্যারীচাঁদ মিত্র রচিত ‘আলালের ঘরের দুলাল’ আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসে প্রথম উপন্যাসের মর্যাদা দাবি করতে পারে কি না বিচার করো। ৫
অথবা,
(খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে ‘মাসিক পত্রিকা’-র গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের যে-কোনো একজন গদ্যকারের ভূমিকা সংক্ষেপে পর্যালোচনা করো। ৫

অথবা,

(খ) স্বামী বিবেকানন্দের গদ্যভাষা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) বলিদান

(খ) ছতোম প্যাঁচার নকশা

(গ) বিবিধ প্রবন্ধ।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'পদ্মিনী উপাখ্যান' কার রচিত?

(খ) 'বৃত্তসংহার' কাব্যের কবি কে?

(গ) 'ব্যাপিকা বিদায়' কী জাতীয় নাটক?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'মানসী' কাব্যগ্রন্থটি কবে প্রকাশিত হয়?

(ঙ) মধুসূদন দত্ত রচিত ঐতিহাসিক ট্রাজেডি নাটকটির নাম লেখো।

(চ) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ছ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে?

(জ) 'সোমপ্রকাশ' পত্রিকার প্রথম সম্পাদক কে?

(ঝ) 'স্বর্ণলতা' উপন্যাসটির রচয়িতার নাম লেখো।

(ঞ) রমেশচন্দ্র দত্ত কোন উপন্যাসে বিধবা বিবাহের সপক্ষে লেখনী ধারণ করেছেন?

(ট) 'গৌড়ীয় ব্যাকরণ' কার রচিত?

(ঠ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'সীতার বনবাস' কোন গ্রন্থের অনুবাদ?

(ড) 'চারুপাঠ'-এর রচয়িতা কে?

(ঢ) মীর মশাররফ হোসেন রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ণ) 'পলাশীর যুদ্ধ' আখ্যানকাব্যটি কার লেখা?